**পরিচালক-১ (উপ-আঞ্চলিক সহযোগিতা সেল) :**

১. সরকার কর্তৃক গৃহীত কর্মকাণ্ড ও কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে গঠিত উন্নয়ন সেল এর উপর অর্পিত দায়িত্ব পালনে সহায়তা করা;

২. প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত, আদেশ, নির্দেশ ও প্রতিশ্রুতি বাস্তবায়নে মনিটরিং সেলের সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের কর্মতৎপরতা মনিটরিং করা ও উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণ;

৩. সংশ্লিষ্ট আইন, বিধি, আদেশ, প্রশাসনিক নির্দেশ ও পরিপত্রসমূহ সর্বশেষ সংশোধনীসহ সংরক্ষণ;

৪. নথিপত্রের যথাযথ ব্যবস্থাপনা, সংরক্ষণ ও গোপনীয়তা রক্ষা;

৫. গুরুত্বপূর্ণ নথি ও দলিলপত্র সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট শাখায় প্রেরণ;

৬. অধীন কর্মচারীদের কাজের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ;

৭. 'প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মকর্তাগণকে প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ' মোতাবেক দায়িত্ব পালন;

৮. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন;

৯. মন্ত্রণালয় কর্তৃক উপস্থাপিত নথি/সার-সংক্ষেপ আইন ও বিধির আলোকে পুনঃপরীক্ষা;

১০. শোষিত ও অবহেলিত নারী ও শিশুর সকল প্রকার উন্নয়ন কার্যাদির সহায়তাদান;

১১. পুরুষশাসিত সমাজ ব্যবস্থায় ধর্মীয় গোড়ামী, সামাজিক কুসংস্কার, কুপমন্ডকতা, নিপীড়ন ও বৈষম্যের বেড়াজাল হতে মুক্ত করে স্বাধীন নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সরকারের প্রতিশ্রুতি অনুসারে নারী ও শিশুর যাবতীয় উন্নয়ন ও সমন্বয় সম্পর্কিত দায়িত্ব পালনে সহায়তা করা;

১২. আদালতে বিচারাধীন মহিলা ও কিশোরদের সকল ধরনের আইনি সহায়তা ও প্রশিক্ষণের ব্যবস্থা সম্পর্কিত দায়িত্ব পালনে সহায়তা করা;

১৩. নারীর অধিকার সুরক্ষা ও ক্ষমতায়ন নিশ্চিতকরণ, বৈষম্যমূলক আচরণ দূরীকরণ ও নারী-পুরুষ সমতার দৃষ্টিভঙ্গি গড়ে তোলার মাধ্যমে সামাজিক পরিবর্তনের সূচনা সম্পর্কিত দায়িত্ব পালনে সহায়তা করা;

১৪. দুঃস্থ মহিলার আত্ম-কর্মসংস্থানমূলক ও আয়বর্ধক কর্মকাণ্ড, প্রশিক্ষণ, নগদ ভাতা প্রদান, সম্পদ সরবরাহ, ও সঞ্চয় বৃদ্ধি সম্পর্কিত সরকারের কর্মসূচী বাস্তবায়নে সহায়তা করা;

১৫. দেশের বিভিন্ন জেলায় অবস্থিত নির্যাতিত নারীর চিকিৎসার জন্য ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টার সময়ে সময়ে পরিদর্শন ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে আনয়নের কোন বিষয় থাকলে তার প্রতিবেদন দাখিল করা;

১৬. শিক্ষিত বেকার মহিলাদের আত্ম-কর্মসংস্থানের মাধ্যমে স্বনির্ভরতা অর্জনের ব্যাপারে উদ্বুদ্ধ করা ও নারী সমাজকে মানব সম্পদে পরিণত করার লক্ষ্যে ধ্যানধারণাগত পরিবর্তনে উৎসাহ যোগানো এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শিক্ষাদান সম্পর্কিত দায়িত্ব পালনে সহায়তা দান;

১৭. নারীর দারিদ্র বিমোচন ও টেকসই উন্নয়নে সরকারের অঙ্গীকার বাস্তবায়নে সহায়তা প্রদান, বিশেষ করে নারীর সার্বিক অধিকার প্রতিষ্ঠা, জেন্ডার সমতাকরণ, ক্ষমতায়ন ও সামগ্রিক উন্নয়ন কার্যাদির দায়িত্ব পালনে সহায়তা প্রদান করা;

১৮. বিভিন্ন বেসরকারি আর্থিক সংস্থা/এনজিও/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নারীর আর্থিক অবস্থা উন্নয়নের নামে যে ঋণ দেয়া হয়, তার সুদের হার সম্পর্কে সময়ে সময়ে সরেজমিনে তথ্য উপাত্ত সংগ্রহ ও বিশদ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন;

১৯. ঋণের দায়ে জর্জরিত নারীর ঋণ বা সুদের দায় হতে অব্যাহতির মাধ্যমে মুক্তির লক্ষ্যে সময়ে সময়ে ঋণ সালিশী বোর্ড গঠনের যৌক্তিকতা সম্বলিত প্রতিবেদন প্রণয়ন ও পেশকরণ;

২০. নারীর জন্য "সোসাল সেফটি নেট" কর্মসূচী গ্রহণে সহায়তা করা ও বিদ্যমান কর্মসূচীর মূল্যায়ন সম্পর্কে যথাযথ ব্যবস্থা গ্রহণে সহায়তা করা;

২১. নারী উন্নয়ন সম্পর্কিত উন্নয়ন সহযোগী সংস্থা/দাতা সংস্থা/"নারী ও শিশু উন্নয়ন সম্পর্কিত লোকাল কনসালটেটিভ গ্রুপ" এর সঙ্গে বৈঠক অনুষ্ঠান সম্পর্কিত দায়িত্ব পালনে সহায়তা করা ও সুপারিশমালা উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পেশ করা;

২২. নারী উন্নয়ন সম্পর্কিত বিভিন্ন সংস্থা/ ব্যক্তি কর্তৃক যে সকল কান্ট্রি পেপার/জার্নাল/প্রতিবেদন/গবেষণাপত্র প্রণয়ন ও প্রকাশ করা হয় তা সময়ে সময়ে উপস্থাপন ও খতিয়ে দেখা ও উক্ত প্রতিবেদনের উপর কোন বিরূপ মন্তব্য থাকলে তা উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে উপস্থাপনে সহায়তা করা;

২৩. সরকারের কর্মসূচীর আলোকে নারীর উন্নয়ন ও কল্যাণ কার্যাদি ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়াতে বিধি মোতাবেক প্রচারে সহায়তা করা; এবং

২৪. সরকারের নারী উন্নয়ন ও জেন্ডার কার্যক্রম বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নিয়মিত অবহিতকরণ কার্যক্রম জোরদার করা।